

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ


প্রেস বিজ্ঞপ্তি

সার্ক দেশসমূহের মন্ত্রিপরিষদ সচিবগণের দ্বিতীয় সভা (Second Meeting of the SAARC Cabinet Secretaries) আগামী ২৬-২৭ এপ্রিল ২০১৪ শনি ও রবিবার ঢাকায় অনুষ্ঠিত হবে। রূপসী বাংলা হোটেলে আয়োজিত এ সভায় স্বাগতিক বাংলাদেশ ছাড়াও আফগানিস্তান, ভুটান, ভারত, নেপাল, পাকিস্তান ও শ্রীলংকা যোগদান করছে। সভায় অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে আট সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল (delegation) গঠন করা হয়েছে।

সার্ক মন্ত্রিপরিষদ সচিবগণের সভায় মূলত দক্ষিণ এশিয়ার দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির প্রাধিকার ক্ষেত্রসমূহ (priority areas) চিহ্নিত করা হবে এবং আঞ্চলিক সহযোগিতা আরও সম্প্রসারণের কৌশল নিয়ে আলোচনা হবে। এবারকার সভায় প্রশাসনিক সংস্কার ও সুশাসন, সক্ষমতা বৃদ্ধি (capacity building), নাগরিক সেবার মানোন্নয়ন (improvement of service delivery) প্রভৃতি বিষয় প্রাধান্য পাবে। সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিবৃন্দ এ সকল ক্ষেত্রে তাদের নিজ নিজ দেশে গৃহীত কার্যক্রম তুলে ধরবেন এবং এসব বিষয়ে অনুসৃত উত্তম চর্চাসমূহ (best practices) নিয়ে মতবিনিময় করবেন।

ঢাকায় আয়োজিত সার্ক মন্ত্রিপরিষদ সচিবগণের দ্বিতীয় সভার আলোচনা ও মতবিনিময় দক্ষিণ এশিয়ায় বিভিন্ন খাতে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে বলে আশা করা যায়। মন্ত্রিপরিষদ সচিবদের সরকারব্যাপী দায়িত্ব (governmentwide responsibilities) আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির ক্ষেত্রে অনুঘটকের ভূমিকা পালন করতে পারে।

২৬ এপ্রিল ২০১৪ শনিবার সকালে গণভবনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতের মাধ্যমে দু'দিনব্যাপী সভার কার্যক্রম শুরু হবে। মাননীয় প্রধানমন্ত্রী সভার আলোচনা সম্পর্কে সার্ক দেশগুলির মন্ত্রিপরিষদ সচিবগণকে দিক-নির্দেশনা প্রদান করবেন। শনিবার সন্ধ্যায় সভায় যোগদানকারী প্রতিনিধিবর্গের সম্মানে স্থানীয় একটি হোটেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরা হবে।

  
২৬/৪/১৪

ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান  
উপসচিব  
প্রশাসনিক সংস্কার অধিশাখা